

খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

খাতড়া, বাঁকুড়া

তারিখ : ০৩-০১-২০২০

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মহাবিদ্যালয়-এর 1<sup>st</sup> Semester, 3<sup>rd</sup> Semester ও 5th Semester ছাত্র-ছাত্রীদের জানানো যায় যে, পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া বিভাগ আয়োজিত “খাতড়া ব্লক ছাত্র-যুব উৎসব ও বিবেক চেতনা উৎসব : ২০১৯-২০” উপলক্ষে অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য আগামী ০৮-০১-২০২০ তারিখের মধ্যে নাম লিপিবদ্ধ করার জন্য অধ্যাপক মানস ঘোষ (৯৭৩২৯৯৭২৮০) ও অধ্যাপক সইফুল আনসারীর (৯১৫৩৫২২৪০৯) নিকট যোগাযোগ করতে বলা হচ্ছে।

প্রতিযোগিতার বিষয়সমূহ ও নিয়মাবলী নিম্নে দেওয়া হল।

Teacher-in-charge,  
Khatra Adibasi Mahavidyalaya,  
Khatra, Bankura


সর্বসাধারণ (গ) বিভাগের প্রথম স্থানাধিকারী কেবলমাত্র  
জেলায় অংশগ্রহণ করার সুযোগ পাবে।  
শিশু ও কিশোরদের জন্য এই প্রতিযোগিতা কেবলমাত্র  
ব্রুক স্তরেই সীমাবদ্ধ থাকবে।

নাম জমা দেওয়ার স্থান : যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তর, খাতড়া ব্রুক  
নাম জমা দেওয়ার শেষ তারিখ : ৯ই জানুয়ারী ২০২০  
( অফিস চলাকালীন সময়ে )  
অংশগ্রহণের জন্য আবেদন পত্র অফিস থেকে সংগ্রহ করতে হবে।

২৩শে জানুয়ারী ২০২০



সুভাষ উৎসব ২০২০  
অনুষ্ঠিত হবে।



মাননীয় মুখ্যমন্ত্রী

মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় ও

পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তর আয়োজিত -



খাতড়া ব্রুক ছাত্র-যুব উৎসব ও  
বিবেক চেতনা উৎসব : ২০১৯-২০

তারিখ : ১১ ও ১২ জানুয়ারী, ২০২০

স্থান : গুরুসদয় মঞ্চ, খাতড়া

পরিচালনায় :-  
ব্রুক ছাত্র-যুব ও  
বিবেক চেতনা  
উৎসব কমিটি,  
খাতড়া ব্রুক



সহযোগিতায় :-  
ব্রুক ও পঞ্চায়েত সমিতি  
খাতড়া

সুধী,

মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় ও পশ্চিমবঙ্গ সরকারের  
যুব কল্যাণ ও ক্রীড়া বিভাগের উদ্যোগে ব্রুক ছাত্র-যুব ও বিবেক চেতনা উৎসব  
কমিটির পরিচালনায় আগামী ১১ ও ১২ ই জানুয়ারী ২০২০ খাতড়া গুরুসদয় মঞ্চে  
অনুষ্ঠিত হতে চলেছে খাতড়া ব্রুক ছাত্র-যুব ও বিবেক চেতনা উৎসব ২০১৯-২০  
এই উৎসবে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।  
এলাকার সকল ছাত্র-ছাত্রী, যুবক-যুবতী, সংস্থার সদস্য-সদস্যদের প্রত্যক্ষ  
ও ব্যাপক অংশগ্রহণে এই উৎসব প্রাণচঞ্চল, সর্বাঙ্গসুন্দর ও সাফল্যমন্ডিত হোক।  
এই উৎসবে আপনাদের উপস্থিতি ও সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করি।

ভবদীয় -

খাতড়া ব্রুক ছাত্র যুব ও বিবেক চেতনা উৎসব কমিটি - ২০১৯-২০

## প্রতিযোগিতার বিষয় সমূহ

ক - বিভাগ (৫ বছর বয়স থেকে অনুর্ধ্ব ১০ বছর) :-  
১) রবীন্দ্রসঙ্গীত ২) নজরুল গীতি ৩) লোকসঙ্গীত (একক) ৪) বাংলা কবিতা আবৃত্তি  
৫) অঙ্কন (যেমন খুশি) ৬) নৃত্য

খ - বিভাগ (১০ বছর বয়স থেকে অনুর্ধ্ব ১৫ বছর) :-  
১) রবীন্দ্রসঙ্গীত ২) নজরুল গীতি ৩) লোকসঙ্গীত (একক) ৪) লোকনৃত্য (একক)  
৫) বাংলা কবিতা আবৃত্তি ৬) প্রশ্নোত্তর ৭) অঙ্কন  
সর্বসাধারণের জন্য ত্রিস্তরে অনুষ্ঠেয় প্রতিযোগিতা :-

বিভাগ গ - (১৫ বছর বয়স থেকে ৪০ বছর বয়স পর্যন্ত) :-  
১) রবীন্দ্রসঙ্গীত ২) নজরুল গীতি ৩) লোকসঙ্গীত (একক) ৪) অতুল-রজনী-দ্বিজেন্দ্রগীতি  
৫) লোকনৃত্য (একক) ৬) সংগীতের নৃত্যায়ন (দলগত) ৭) প্রশ্নোত্তর ৮) তাৎক্ষনিক  
বক্তৃতা ৯) বাংলা একাঙ্ক নাটক ১০) বিশ্ব সংবাদ পাঠ ১১) রবীন্দ্রনৃত্য (একক) ১২) ঢাক  
১৩) কীর্তন ১৪) অঙ্কন ১৫) আদিবাসী লোকনৃত্য (সমবেত) ১৬) তবলা  
১৭) শ্রীখোল ১৮) বাংলা কবিতা আবৃত্তি ১৯) আধুনিক বাংলা গান ২০) সরকারের বিভিন্ন  
জন পরিষেবা মূলক প্রকল্প ভিত্তিক সৃজনশীল উপস্থাপনা (দলগত)

### সরাসরি জেলা স্তরে অনুষ্ঠেয় ১৩টি বিষয় হলঃ

১) ওড়িশি নৃত্য ২) ভারত নাট্যম ৩) কথক নৃত্য ৪) লোকসংগীত (সমবেত) ৫) লোকনৃত্য  
(সমবেত) ৬) মুকাভিনয় ৭) দেশাত্মবোধক সংগীত (সমবেত) ৮) বিতর্ক (বাংলা ভাষা)  
৯) জেলাগত বৈশিষ্ট্যসম্পন্ন লোকগান (একক/দলগত) ১০) বাঁশি ১১) হারমোনিয়াম  
১২) গীটার ১৩) গৌড়ীয় নৃত্য

### সরাসরি রাজ্য স্তরে অনুষ্ঠেয় ৮টি বিষয় হলঃ

১) মনিপুরী নৃত্য ২) হিন্দুস্থানী কন্ঠ সংগীত ৩) পাখোয়াজ ৪) শাস্ত্রীয় তারবাদ্য (সেতার/  
সারেঙ্গী/সরোদ/বেহালা/এসরাজ) ৫) উপশাস্ত্রীয় সংগীত (গীত/গজল/ভজন/  
ঠুংরী/দাদরা/চৈতি/কাজরী/হোরি) ৬) প্রবন্ধ রচনা ৭) ছোটগল্প রচনা ৮) কবিতা রচনা  
(৬, ৭, ও ৮ নং বিষয় ডাকযোগে পাঠাতে হবে)

## অনুষ্ঠান সূচী

১১ই জানুয়ারী, ২০২০

সকাল ১০টা - আনুষ্ঠানিক উদ্বোধন।

সকাল ১১টা থেকে দুপুর ২টা - অঙ্কন, প্রশ্নোত্তর, তাৎক্ষনিক বক্তৃতা, বিশ্বসংবাদ  
পাঠ, বাংলা একাঙ্ক নাটক, বাংলা কবিতা আবৃত্তি।

দুপুর ২টা থেকে বিকেল ৪টা - আধুনিক বাংলা গান, অতুল রজনী-দ্বিজেন্দ্র গীতি,  
ঢাক, কীর্তন, তবলা, শ্রীখোল, রাজ্য সরকারের বিভিন্ন জনপরিষেবা মূলক প্রকল্প  
ভিত্তিক সৃজনশীল উপস্থাপনা (দলগত)।

১২ই জানুয়ারী, ২০২০

সকাল ১০টা থেকে দুপুর ২টা - রবীন্দ্র সংগীত, নজরুল গীতি, লোক সংগীত (একক),  
নৃত্য (বিভাগ-ক)

দুপুর ২টা থেকে বিকেল ৪টা - রবীন্দ্র নৃত্য, লোকনৃত্য (একক), সংগীতের নৃত্যায়ন  
(দলগত), আদিবাসী লোকনৃত্য (সমবেত)

## প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সাধারণ নিয়মাবলী -

- প্রতিযোগীকে খাতড়া ব্লকের স্থায়ী অধিবাসী হতে হবে। চাকুরীসূত্রে ব্লকে  
বিভিন্ন দপ্তরের কর্মচারী ও তাঁদের পরিবারগণ প্রতিযোগিতায় অংশগ্রহণ  
করতে পারবেন।
- প্রত্যেক প্রতিযোগীকে নির্দিষ্ট বিভাগে অংশগ্রহণের জন্য বয়সের প্রামাণ্য  
সার্টিফিকেট নাম জমা দেওয়ার সময় দাখিল করতে হবে।  
বয়স গণনা হবে ০১/১২/২০১৯ কে ভিত্তি ধরে।
- প্রতিযোগীতায় অংশগ্রহণের জন্য কোন যাতায়াত ভাড়া বা রাহা খরচ  
দেওয়া হবে না। জেলাস্তর ও রাজ্যস্তর প্রতিযোগিতায় প্রতিযোগীর  
থাকা - খাওয়ার ব্যবস্থা কতৃপক্ষ করবেন।
- কোন প্রতিযোগীতায় একাধিক প্রথম, দ্বিতীয়, তৃতীয় নির্বাচিত করা যাবে না।  
প্রয়োজনে লটারী পদ্ধতি প্রয়োগ করে যুগ্ম স্থান নির্ণয় পরিহার করা হবে।
- সফলকাম প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কার ও মানপত্র  
দেওয়া হবে।
- কোন প্রতিযোগিতায় তিন জনের কম প্রতিযোগী হলে পরিচালন কমিটি  
সেই প্রতিযোগিতা বাতিল করে দিতে পারবেন। দলগত প্রতিযোগিতায় কম  
দল হলেও প্রতিযোগিতা করা যেতে পারে।
- কোন প্রতিযোগী একাধিক ব্লক ও জেলায় একই বিষয়ে একাধিকবার  
অংশগ্রহণ করলে তিনি প্রতিযোগী হিসেবে বাতিল বলে গণ্য হবেন।
- কোন প্রতিযোগী অসৎ উপায় অবলম্বন করছেন বলে বিচারকমন্ডলী চূড়ান্ত  
সিদ্ধান্তে উপনীত হলে ঐ প্রতিযোগীকে প্রতিযোগিতা থেকে বাতিল করা হবে।
- আবৃত্তি ও সংগীত প্রতিযোগিতায় অংশগ্রহণের সময় আবৃত্তি ও গানের  
কপি বিচারকদের কাছে অবশ্যই জমা দিতে হবে।
- প্রত্যেক প্রতিযোগীকে বিচারকমন্ডলীর রায় চূড়ান্ত বলে গ্রহণ করতে হবে।
- গানের জন্য হারমোনিয়াম, ডুগি-তবলা ও তবলটা সঙ্গে আনতে হবে,  
সময় ৫ মিনিট।
- কেবলমাত্র গ- বিভাগের প্রথম স্থান প্রাপ্তরাই জেলা স্তরের প্রতিযোগিতায়  
অংশগ্রহণের সুযোগ পাবেন।
- প্রয়োজনে অনুষ্ঠানসূচীর পরিবর্তন হতে পারে।

